

Job Interview English

25 common questions with strong answers

English with Fariha

Job interview-তে প্রায় সব company একই ধরনের প্রশ্ন করে। এখানে সবচেয়ে common ২৫টা প্রশ্ন আছে, interview যে ক্রমে চলে সেভাবেই সাজানো। অনেক প্রশ্নের নিচে আগে একটা weak answer, যেটা আমরা প্রায়ই বলি, তারপর কেন সেটা কাজ করে না, আর শেষে একটা strong answer।

Strong answer-গুলো Rumana-র, যিনি Accounting-এ পড়া শেষ করে একটা bank-এ ছয় মাসের internship করেছেন, আর এখন accounts officer পদে interview দিচ্ছেন। ওখানে নিজের পড়াশোনা আর কাজের সত্যিকারের উদাহরণ বসিয়ে নিজের উত্তরটা বানিয়ে নিন।

INSIDE

Getting started

Your strengths

Your plans and your past

Tricky moments

End of the interview

Getting started

প্রথম কয়েক মিনিটের প্রশ্ন, যেখানে interviewer বুঝতে চান আপনি কে, আর এই চাকরিতে কেন।



1 Did you find us easily?

WEAK ANSWER

Yes, sir.

এক শব্দের উত্তরে আলাপটা ওখানেই থেমে যায়, অথচ interview শুরু হয়ে গেছে এই প্রশ্ন থেকেই।

STRONG ANSWER

Yes, thanks. Your directions were very clear, and I got here a little early.

2 Tell me about yourself.

WEAK ANSWER

I was born in a respectable family in Cumilla. My father is a businessman.

Interviewer আপনার পরিবারের কথা জানতে চাননি, জানতে চেয়েছেন আপনার কথা, আর সেটাও এই চাকরির জন্য।

STRONG ANSWER

I'm an Accounting graduate, and I've just finished a six-month internship at a bank, where I worked with customer accounts.

Now I'm looking for my first full-time role, and this accounts officer job is exactly the kind of work I enjoyed most.

3 Walk me through your CV.

Walk me through মানে ধাপে ধাপে বুঝিয়ে বলা, তাই পুরোনো থেকে নতুনের দিকে ছোট করে বলে যান।

STRONG ANSWER

Sure. I did my BBA and MBA in Accounting at Jagannath University. In my final year, I did an internship at a private bank in Motijheel.

Since then, I've been doing an advanced Excel course, and I've been applying for accounts roles.

4 What do you know about our company?

WEAK ANSWER

Your company is very famous and reputed.

famous আর reputed সবাই বলে, এতে বোঝা যায় না আপনি company-টা নিয়ে আসলে কিছু খুঁজে দেখেছেন কিনা।

STRONG ANSWER

I know you supply packaging to most of the big garment factories in Gazipur, and that you've just opened a new plant in Chattogram.

5 Why do you want to work here?

STRONG ANSWER

I want to build my career in accounts at a company that's growing. With your new plant, I'd get to see a finance team grow from close up.

Your strengths

এই অংশে প্রতিটা দাবির পরে একটা প্রমাণ লাগে: আপনি কী পারেন, আর কোথায় সেটা করে দেখিয়েছেন।



6 Why should we hire you?

WEAK ANSWER

Sir, I am very much interested in this job. Kindly give me a chance.

kindly give me a chance শুনলে মনে হয় আপনি দয়া চাইছেন, অথচ আপনি এসেছেন নিজের কাজ দেখাতে।

STRONG ANSWER

I can handle customer accounts accurately. For example, in my bank internship, I found and fixed over two hundred wrong entries.

I'd love the opportunity to do the same here.

7 What are your strengths?

WEAK ANSWER

I am hardworking, honest and punctual.

এই তিনটা শব্দ প্রায় প্রতিটা candidate বলেন, আর কোনোটার সাথেই প্রমাণ নেই।

STRONG ANSWER

I'm very careful with numbers. In my internship, my manager handed me the monthly reconciliation, because I hadn't made a single mistake in three months.

8 What's your greatest weakness?

WEAK ANSWER

I am a perfectionist.

I don't have any weakness.

প্রথমটা interviewer প্রতিদিন শোনেন, আর দ্বিতীয়টা শুনলে মনে হয় আপনি প্রশ্নটা এড়িয়ে যাচ্ছেন।

STRONG ANSWER

I used to find it hard to speak up in meetings. So I started presenting our team's weekly numbers, and it's got much easier.

9 Tell me about a problem you solved.

কী হয়েছিল, আপনি কী করলেন, আর শেষে কী ফল হলো, এই ক্রমে বললে গল্পটা ছোট আর পরিষ্কার থাকে।

STRONG ANSWER

During my internship, a client's account was eighty thousand taka out at the end of the month.

I went through three months of entries and found a payment that had gone through twice. The client got the money back within a week.

10 Can you work under pressure?

WEAK ANSWER

Yes, I can work under pressure.

প্রশ্নের কথাগুলোই ফিরিয়ে দিলে interviewer নতুন কিছু জানতে পারেন না।

STRONG ANSWER

Yes. At month end, our team had to close two hundred accounts in three days, and I still finished my share a day early.

11 Do you prefer working alone or in a team?

STRONG ANSWER

I'm comfortable with both. I like to do the detailed work on my own, but I check in with the team often, so nobody gets any surprises.

12 Tell me about a mistake you made.

ভুলটা স্বীকার করে, কীভাবে ঠিক করলেন আর তারপর কী বদলালেন, সেটা বললেই উত্তরটা শক্ত হয়।

STRONG ANSWER

In my first month, I sent a report with last month's figures. I told my supervisor straight away and fixed it within the hour.

Since then, I always check the dates before I send anything.

Your plans and your past

সামনের plan, আগের চাকরি আর CV-র ফাঁক নিয়ে প্রশ্ন, যেখানে সত্যি কথাটাই ভালোভাবে বলতে হয়।



13 Where do you see yourself in five years?

WEAK ANSWER

I want to see myself in your position, sir.

কথাটা শুনতে চালাক লাগে, কিন্তু interviewer প্রায়ই এটা শোনেন, আর এতে আপনার আসল plan বোঝা যায় না।

STRONG ANSWER

I'd like to be a senior accountant, maybe leading a small team, and I'd love to do that here.

14 Why are you leaving your current job?

WEAK ANSWER

My boss is very bad, and the salary is too low.

আগের office-এর বদনাম শুনলে interviewer ভাবেন, একদিন আপনি তাদের নিয়েও এভাবেই বলবেন।

STRONG ANSWER

I've learned a lot there, but I'm ready for more responsibility, and there isn't much room to grow in a small firm.

15 Why is there a gap in your CV?

STRONG ANSWER

After my exams, I spent eight months looking after my father after his surgery. During that time, I also finished an online course in Excel.

16 Your CGPA is quite low. Why is that?

WEAK ANSWER

Sir, actually our teachers didn't give good marks.

দোষ অন্যের ঘাড়ে চাপালে প্রশ্নটার উত্তর হয় না, আর interviewer-এর কাছে সেটা অজুহাতের মতো শোনায়।

STRONG ANSWER

In my second year, I was working part-time to support my family, and my grades dropped. But in my final two years, my CGPA was 3.5.

17 Would you be willing to relocate?

STRONG ANSWER

Yes, I'd be happy to move to Chattogram for the right role.

Tricky moments

যে প্রশ্নের উত্তর জানা নেই, বা উত্তর ভাবতে একটু সময় লাগে, সেই মুহূর্তের লাইন।



18 Have you used SAP?

WEAK ANSWER

No, sir. Sorry.

শুধু না বলে থামলে কথা ওখানেই শেষ, অথচ এখানে দেখানোর সুযোগ আছে আপনি কত তাড়াতাড়ি শেখেন।

STRONG ANSWER

Not yet, but I learned Tally in two weeks during my internship, so I'm confident I can pick up SAP quickly.

19 Tell me about a time you disagreed with your manager.

প্রশ্নটা কঠিন হলে চুপ করে থাকার বদলে এভাবে শুরু করুন, ভাবার সময়টা এর মধ্যেই পেয়ে যাবেন।

STRONG ANSWER

That's a good question. Let me think for a second.

My supervisor wanted to close the accounts a day early, but two entries still didn't match, so I asked for one more day, and we found the error before the audit.

20 Are you applying to other companies?

STRONG ANSWER

Yes, I've applied to a couple of other places, but this role is my first choice, because it's exactly the work I want to do.

End of the interview

শেষের কয়েক মিনিট, যেখানে বেতন, শুরুর তারিখ আর আপনার নিজের প্রশ্নের কথা আসে।



21 What salary are you expecting?

WEAK ANSWER

Sir, salary is not a matter.

এটা "বেতন কোনো ব্যাপার না"-র হুবহু অনুবাদ, আর interviewer শোনেন, যা দেবেন তাতেই আপনি রাজি।

STRONG ANSWER

I'm expecting between thirty and thirty-five thousand taka, but I'm open to discussion.

22 When can you start?

STRONG ANSWER

I can start right away.

I need to give one month's notice, so I could start on the first of January.

23 Is there anything else you'd like to add?

WEAK ANSWER

No, sir. That's all.

শেষ সুযোগটা খালি হাতে ফিরিয়ে না দিয়ে, এক লাইনে আবার বলে দিন কেন আপনি এই চাকরিটা চান।

STRONG ANSWER

Just that I really enjoyed hearing about your new plant, and I'd love to be part of the team there.

24 Do you have any questions for us?

WEAK ANSWER

No, sir. Everything is clear.

কোনো প্রশ্ন না থাকলে মনে হয় চাকরিটা নিয়ে আপনার আগ্রহ কম।

STRONG ANSWER

Yes. What would a typical day look like in this role?

What would you expect me to achieve in the first three months?

25 **Thank you, Rumana. We'll let you know.**

STRONG ANSWER

Thank you for your time. When can I expect to hear back?

রোজ একটু English-এ কথা বলার জন্য আছে Daily English: প্রতিদিন Fariha প্রশ্ন করবেন, আর আপনি mic-এ উত্তর দেবেন। প্রথম পাঁচ দিন একদম free!

Start Day 1